গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা, ২০২৫

"জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১ (২০১১ সালের ৩নং আইন)" এর ৭ (ক)-এর দফা-(আ) অনুসারে 'অসচ্ছল, অসুস্থ, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাঁদের পরিবারের জন্য, ক্ষেত্রমত, পুরস্কার, অনুদান, চিকিৎসা সহায়তা, আর্থিক সহায়তা ও বৃত্তি প্রদানের নিমিত্ত নীতিমালা প্রণয়ন' করার বিধান রয়েছে। উল্লিখিত বিধান অনুযায়ী ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের নিমিত্ত এই নীতিমালা প্রণয়ন করা হল।

১। সংক্ষিপ্ত শিরোনামঃ এই নীতিমালা 'ক্রীড়া শিক্ষা বৃত্তি নীতিমালা, ২০২৫' নামে অভিহিত হবে।

২। সংজ্ঞাঃ

(ক) 'আইন' অর্থ জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১ (২০১১ সালের ৩নং আইন);

(খ) 'ক্রীড়াসেবী' অর্থ ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক, ক্রীড়া প্রশিক্ষক বা কোচ, র‍্যাফারি, জাজ বা আম্পায়ার, গ্রাউন্ডসম্যান, কৃতি ক্রীড়া শিক্ষার্থী বা অন্য কোন ব্যক্তি যিনি ক্রীড়া, খেলাধুলা বা শরীরচর্চার ক্ষেত্রে বিশেষ অবদান রেখেছেন বা রাখছেন;

(গ) 'ফাউন্ডেশন' অর্থ ধারা-৩ এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন;

(ঘ) 'কৃতি ক্রীড়া শিক্ষার্থী' অর্থ ৫ম শ্রেণী হতে স্নাতকোত্তর পর্যায়ের ক্রীড়াক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী নিয়মিত শিক্ষার্থীদের বুঝাবে;

(ঙ) 'পরিবার' অর্থ-

(১) ক্রীড়াসেবী পুরুষ হইলে, তাঁহার স্ত্রী এবং মহিলা হইলে, তাঁহার স্বামী; এবং

(২) ক্রীড়াসেবীর সহিত একত্রে বসবাসরত এবং তাহার উপর সম্পূর্ণ নির্ভরশীল সন্তান-সন্ততিগণ এবং পিতা-মাতা;

(চ) 'বোর্ড' অর্থ জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০১১ (২০১১ সালের ৩নং আইন) এর ধারা ৬-এ বর্ণিত পরিচালনা বোর্ড।

৩। যোগ্যতাঃ

(ক) নাগরিকত্বঃ (ক) নাগরিকত্বঃ আবেদনকারীকে বাংলাদেশে বসবাসকারী স্থায়ী নাগরিক হতে হবে;

(খ) ক্রীড়া ক্ষেত্রে কৃতিত্ব অর্জনকারী ৫ম শ্রেণী হতে স্নাতকোত্তর পর্যায়ের অধ্যায়নরত শিক্ষার্থী;

(গ) যে সকল শিক্ষার্থী আন্তর্জাতিক, জাতীয়, বিভাগ অথবা জেলা পর্যায়ে খেলাধুলায় বিশেষ অবদান রাখবেন বা রাখছেন; এবং

(ঘ) আন্তর্জাতিক পর্যায়ে কমপক্ষে ০১ (এক) বার, জাতীয় পর্যায়ে কমপক্ষে ০২ (দুই)বার এবং বিভাগ ও জেলা পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতায় বিশেষ কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থী।

৪। বৃত্তির পরিমাণঃ

(ক) ৫ম শ্রেণী হতে ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা হারে বাৎসরিক ১২,০০০/- (বার হাজার) টাকা বৃত্তি প্রদান করা হবে;

(খ) একাদশ শ্রেণী হতে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বাৎসরিক ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা শিক্ষা বৃত্তি প্রদান করা হবে;

(গ) আবেদনকারী ক্রীড়াশিক্ষার্থীর নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে মাসিক/এককালীন ভিত্তিতে ডিজিটাল ব্যাংকিং ব্যবস্থা BEFTN/ চেক এর মাধ্যমে বৃত্তির অর্থ পরিশোধ করা হবে।

৫। আবেদন পদ্ধতিঃ

(ক) ফাউন্ডেশন বৃত্তি প্রদানের জন্য বহুল প্রচারিত জাতীয় দুইটি বাংলা দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও ফাউন্ডেশনের ওয়েবসাইটেও বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে;

(খ) আগ্রহী শিক্ষার্থীগণ নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয় বা ফাউন্ডেশনের ওয়েবসাইটে নির্দিষ্ট সেবাবক্সে প্রবেশ করে পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, মোবাইল নম্বর, ক্রীড়া সম্পৃক্ততার সনদপত্র, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র, ব্যাংক ও শাখার নাম, হিসাব নম্বর, রাউটিং নম্বর ইত্যাদি সংযুক্ত করে নির্ধারিত ফরমেটে (তফসিল-১) অনলাইনে আবেদন করবেন;

(গ) একজন শিক্ষার্থী একের অধিক আবেদন করতে পারবেন না।

৬। আবেদন পত্র বাছাই প্রক্রিয়াঃ

(১) জেলা কমিটির সদস্য-সচিব জেলা ক্রীড়া অফিসার অনলাইনে প্রাপ্ত তাঁর জেলার সকল আবেদন ডাউনলোড করে জেলা কমিটির সভায় উপস্থাপন করবেন। জেলা কমিটির সভায় প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালায় উল্লিখিত যোগ্যতার মানদন্ডের নিরিখে যাচাই-বাছাই করতঃ প্রাপ্যতার অগ্রাধিকার নির্ধারণ করবেন। জেলা প্রশাসক/জেলা ক্রীড়া অফিসার সভার কার্যবিবরণীসহ অগ্রাধিকার তালিকা অনলাইনে ফাউন্ডেশনে প্রেরণ করবেন;

(২) জেলা বাছাই কমিটিসমূহের নিকট হতে প্রাপ্ত অগ্রাধিকার তালিকা এবং জেলা ক্রীড়া সংস্থা/ফেডারেশন/ এসোসিয়েশন/শিক্ষা প্রতিষ্ঠান সমূহের সুপারিশসহ সরাসরি প্রাপ্ত আবেদনগুলো তহবিলের পর্যাপ্ততা ও যোগ্যতার মানদন্ডের নিরিখে চূড়ান্তকরণ কমিটি উপযুক্ত শিক্ষার্থী নির্বাচনপূর্বক অনুমোদনের জন্য পরিচালনা বোর্ড সভায় সুপারিশ করবেন;

(৩) পরিচালনা বোর্ডের সভায় সুপারিশকৃত আবেদনপত্রগুলোর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন;

৭। পরিবীক্ষণ ও মূল্যায়নঃ

(ক) কৃতি ক্রীড়া শিক্ষার্থীদের ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান কার্যক্রমের প্রভাব, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন/পরিবর্তন ও পরবর্তী পরিকল্পনা/কর্মসূচি গ্রহণের জন্য মন্ত্রণালয় ও ফাউন্ডেশনের কর্মকর্তাদের সমন্বয়ে ফাউন্ডেশন একটি পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটি গঠন করবে;

(খ) ক্রীড়া ফেডারেশন সমন্বয় কমিটি ও জেলা কমিটির সদস্যগণ এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন কমিটির কর্মকর্তাবৃন্দ কর্মসূচির নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন করবেন এবং

(গ) জেলা ক্রীড়া অফিসারগণ প্রতি মাসে নির্ধারিত তারিখের মধ্যে কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন ফাউন্ডেশনে প্রেরণ করবেন।

৮। কমিটিসমূহঃ

(ক) <u>ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানে জেলা যাচাই-বাছাই কমিটিঃ</u>

১। জেলা প্রশাসক	-	সভাপতি
২। পুলিশ সুপার	-	সদস্য
৩। সিভিল সার্জন	-	সদস্য
৪। উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদপ্তর	-	সদস্য
৫। উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর	-	সদস্য
৬। সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা	-	সদস্য
৭। সাধারণ সম্পাদক, জেলা মহিলা ক্রীড়া সংস্থা	-	সদস্য
৮-৯। জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ০১ (এক) জন সাবেক ক্রীড়াবিদ ও ০১ (এক) জন ক্রীড়া সংগঠক (অন্যূন একজন নারী)	-	সদস্য
১০। জেলা ক্রীড়া অফিসার	-	সদস্য-সচিব

কার্যাবলি

(১) জেলা কমিটির সদস্য-সচিব জেলা ক্রীড়া অফিসার অনলাইনে প্রাপ্ত সংশ্লিষ্ট জেলার সকল আবেদন ডাউনলোড করে জেলা কমিটির সভায় উপস্থাপন করা;

(২) অনলাইনে প্রাপ্ত ক্রীড়াসেবীদের আবেদনে উল্লিখিত তথ্যাদি যেমনঃ-পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, মোবাইল নম্বর, ক্রীড়া সম্পৃক্ততার সনদপত্র, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র, ব্যাংক ও শাখার নাম, হিসাব নম্বর, রাউটিং নম্বর ইত্যাদি যথাযথ ভাবে যাচাই-বাছাই করা;

(৩) ক্রীড়াসেবীদের যথাযথ তথ্যাদি কমিটি কর্তৃক যাচাই-বাছাই করে সভার কার্যবিবরনী, নির্বাচিত ক্রীড়াসেবীদের অগ্রাধিকার তালিকা এবং অনলাইন আবেদনসমূহ অনুমোদন করে ফাউন্ডেশনে প্রেরণ করা;

(৪) জেলা বাছাই কমিটির সিদ্ধান্তক্রমে প্রয়োজনীয় সংখ্যক সদস্য কোঅপ্ট করতে পারবেন।

(খ) ক্রীড়া শিক্ষা বৃত্তি চূড়ান্তকরণ কমিটিঃ

১। নির্বাহী পরিচালক, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন	-	সভাপতি
২। উপসচিব (ক্রীড়া-১) , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	-	সদস্য
৩। প্রতিনিধি , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (উপসচিব পদ মর্যাদার	-	সদস্য
৪। প্রতিনিধি , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (উপসচিব পদ মর্যাদার	-	সদস্য
৫। প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (উপসচিব পদ মর্যাদার নিচে নয়)	-	সদস্য
৬। প্রতিনিধি, ক্রীড়া পরিদপ্তর (উপপরিচালক পদ মর্যাদার নীচে নয়)	-	সদস্য
৭। প্রতিনিধি, বিকেএসপি (উপপরিচালক পদ মর্যাদার নীচে নয়)	-	সদস্য
৮। প্রতিনিধি, জাতীয় ক্রীড়া পরিষদ (উপপরিচালক পদ মর্যাদার নীচে নয়)	-	সদস্য
৯। সাধারণ সম্পাদক, বাংলাদেশ মহিলা ক্রীড়া সংস্থা	-	সদস্য
১০-১২। ফাউন্ডেশনের চেয়ারম্যান কর্তৃক মনোনীত ১(এক) জন জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্ত ক্রীড়াবিদ ও ০২ (দুই) জন বিশিষ্ট ক্রীড়া সংগঠক	-	সদস্য
১৩। সম্পাদক, ক্রীড়াজগত, জাতীয় ক্রীড়া পরিষদ	-	সদস্য
১৪। নির্বাহী কর্মকর্তা, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন	-	সদস্য সচিব

কার্যাবলি

(১) জেলা কমিটির নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে উপযুক্ত সংখ্যক আবেদনকারীকে নির্বাচন করা;

(২) জেলায় ক্রীড়া শিক্ষার্থীর সংখ্যা বিবেচনা করে যাচাই-বাছাই কার্যক্রম শেষে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা;

(৩) তহবিলের পর্যাপ্ততার উপর ভিত্তি করে আবেদনপত্রমূহ বোর্ড সভায় অনুমোদনের জন্য সুপারিশসহ উপস্থাপন করা।

৯। আবেদনপত্রে প্রদত্ত তথ্য বা প্রমাণাদি পরবর্তীতে সঠিক নয় বা ভূয়া বা জাল প্রমাণিত হলে ফাউন্ডেশন কর্তৃক তাৎক্ষণিক ভাবে ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান বাতিল করা হবে এবং প্রয়োজনে ফাউন্ডেশন যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

১০। অযোগ্যতাঃ

(ক) অনিয়মিত শিক্ষার্থী হলে; এবং

(খ) যথাযথ কর্তৃপক্ষের সনদ সংযুক্ত না থাকলে;

(গ) ফাউন্ডেশন হতে ক্রীড়াভাতা প্রাপ্ত হলে।

১১। ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদান কার্যক্রম আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হওয়ার ০৬ (ছয়) মাসের মধ্যে কোন অভিযোগ থাকলে নির্ধারিত ফরমেটে (তফসিল-০২) জেলা কমিটিকে অবহিত করতে হবে । জেলা কমিটি তা ফাউন্ডেশনকে অবহিত করবে। নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ দাখিল না করলে, তা গ্রহনযোগ্য হবে না।

১২। ক্রীড়া শিক্ষার্থীদের ক্রীড়া শিক্ষা বৃত্তি প্রদানের ক্ষেত্রে এই নীতিমালায় বর্ণিত ৩, ৪, ৫, ৬, ৯, ১০ ও ১১ অনুচ্ছেদ অনুসরণ করতে হবে।

১৩। এই নীতিমালায় অন্তর্ভুক্ত হয়নি এমন কোন বিষয় ফাউন্ডেশনের বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে নিষ্পত্তি করা হবে।

১৪। ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে এই নীতিমালা সংশোধন/পরিবর্তন/ সংযোজন ও পরিমার্জন করতে পারবে।

১৫। এ নীতিমালা জারির পর পূর্বে জারিকৃত এ সংক্রান্ত নীতিমালা বাতিল বলে গণ্য হবে।

১৬। এ নীতিমালা জারির তারিখ থেকে কার্যকর হবে।

২১.১০.২০২৫

মোঃ মাহবুব-উল-আলম
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়